"বিদ্যুৎ সাশ্রয় করি, সমৃদ্ধ দেশ গড়ি"

# নিয়োগ বিজ্ঞপ্তি

নং- ২৭.১২.০০০০.০২৫.১১.১৮৬.২৫- ২৮৬৩

তারিখঃ ২৬ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ
০৯ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)-এর ঢাকাস্থ সদর দপ্তরে কর্মরত কর্মকর্তা/কর্মচারী ও তাঁদের পরিবারবর্গের চিকিৎসা সুবিধা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে চুক্তিভিত্তিতে খন্ডকালীন ০১ (এক) জন মেডিক্যাল রিটেইনার (মহিলা) নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম | সম্মানি ও সময় | পদের সংখ্যা | বয়সসীমা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১. | মেডিক্যাল রিটেইনার | সর্বসাকুল্য মাসিক সম্মানি ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা<br>সময়: অফিস সময়কালীন সকাল ৯:০০ ঘটিকা হতে ১:০০ ঘটিকা পর্যন্ত | ০১ (এক) টি<br>(০১ জন মহিলা) | বয়সসীমা সর্বোচ্চ ৪৫ বছর। | সরকার অনুমোদিত মেডিক্যাল কলেজ থেকে এমবিবিএস ডিগ্রিসহ কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন ও বিএমডিসি'র রেজিস্ট্রেশন প্রাপ্ত হতে হবে। মেডিসিন বিষয়ে এফসিপিএস/ এমআরসিপি ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে। |

## শর্তসমূহ

০১। চুক্তির মেয়াদ ০২ (দুই) বৎসর। তবে মেয়াদ উত্তীর্ণের পর উভয় পক্ষের সম্মতির ভিত্তিতে মেয়াদ বর্ধনযোগ্য।

০২। যে কোন পক্ষের ০১ (এক) মাসের লিখিত নোটিশে চুক্তির অবসান করা যাবে।

০৩। রোগী দেখার জন্য প্রার্থীর ঢাকা মেট্রোপলিটন এলাকায় নিজস্ব চেম্বার থাকতে হবে।

০৪। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর সদর দপ্তরে (নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯) সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত অন্যান্য সকল কার্যদিবসে (সকাল ৯:০০ ঘটিকা হতে ১:০০ ঘটিকা পর্যন্ত, তবে কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক সময় পরিবর্তনযোগ্য) উপস্থিত হয়ে রোগী দেখতে হবে (সরকারী নির্দেশনা মোতাবেক ভবিষ্যতে সাপ্তাহিক ছুটি ও কর্মঘন্টা পুনঃনির্ধারণ হলে এ সিডিউলও পুনঃনির্ধারিত হবে)। তবে বিশেষ ক্ষেত্রে নির্ধারিত সময়ের পর এবং ছুটির দিনেও উপস্থিত থাকতে হবে।

০৫। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর কর্মকর্তা/কর্মচারী ও তাঁদের পরিবারের সদস্যগণ-কে নিজ চেম্বারে প্রতিদিন বিকাল ৬:০০ ঘটিকা হতে রাত ৯:০০ ঘটিকা পর্যন্ত ফ্রি কনসালটেশন এবং ব্যবস্থাপত্র প্রদান করতে হবে (পরিবার বলতে বোর্ডের একজন কর্মকর্তা/কর্মচারীর সঙ্গে বসবাসরত সম্পূর্ণ নির্ভরশীল তাঁর স্ত্রী/স্বামী, তাঁর ছেলে/মেয়ে, পিতা-মাতা, ভগ্নী ও ভাইকে বুঝাবে)।

০৬। অফিস সময়ের পরে জরুরী চিকিৎসাজনিত পরামর্শ প্রয়োজন হলে বাসায় রোগী দেখা এবং এর জন্য ৫০০/- (পাঁচশত) টাকা হারে পরামর্শ ফি এবং প্রকৃত যাতায়াত খরচ রোগী বা তাঁর অভিভাবক কর্তৃক প্রদেয় হবে।

০৭। মেডিক্যাল রিটেইনারকে তাঁর নিজের চেম্বারে অগ্রাধিকার ভিত্তিক কোন ফি ব্যতীত বোর্ডের রোগী দেখার পর ব্যবস্থাপত্র প্রদান করতে হবে।

০৮। মেডিক্যাল রিটেইনার প্রতি "চুক্তি বৎসরে" মোট ১৫ (পনেরো) দিন ছুটি ভোগ করতে পারবেন। তবে এ ছুটিকে অধিকার হিসেবে দাবী করা যাবে না।

০৯। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক আয়োজিত যে কোন খেলাধুলা/অনুষ্ঠানে প্রয়োজনে উপস্থিত থাকতে হবে।

১০। প্রার্থীর বয়সসীমা ০৯.০৪.২০২৬ খ্রি. তারিখে বিজ্ঞপ্তির ৫নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

১১। মাসিক সম্মানীর ৬০% হিসেবে বৎসরে দু'টি উৎসব বোনাস এবং ১৫% হারে একটি নববর্ষ ভাতা প্রদান করা হবে।

১২। নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। নিয়োগ সংক্রান্ত তথ্য বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর ওয়েবসাইটে (www.reb.gov.bd) পাওয়া যাবে এবং প্রার্থীদের সঙ্গে যোগাযোগ ই-মেইলে করা হবে।

১৪। আবেদনের নিয়মাবলী:

(ক) অত্রসাথ সংযুক্ত আবেদন ফরম (ফরম-১) A4 সাইজের কাগজে প্রিন্ট করে আবেদন করতে হবে। উক্ত আবেদন ফরম (ফরম-১) ব্যতীত অন্য কোন আবেদন ফরম-এ আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

(খ) আবেদনপত্রের সাথে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর অনুকূলে তফসিলভুক্ত যে কোন ব্যাংক হতে ১,০০০/- (এক হাজার) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) প্রদান করতে হবে।

(গ) আবেদনপত্রের সঙ্গে সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, অভিজ্ঞতা সনদ, বিএমডিসি রেজিস্ট্রেশন সার্টিফিকেট, নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি ও সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি সংযুক্ত করতে হবে।

(ঘ) আবেদনপত্র পরিচালক, কর্মচারী প্রশাসন পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (২য় তলা), নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ বরাবর কুরিয়ার/ডাকযোগে আগামী ০৪-০৫-২০২৬ খ্রি. তারিখের মধ্যে (অফিস চলাকালীন) পৌঁছাতে হবে। উক্ত তারিখ ও সময়ের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৯.৪.২৬
(দিলরুবা শিরাজী)
পরিচালক
কর্মচারী প্রশাসন পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২
খিলক্ষেত, ঢাকা-১২২৯

কপ্রপ ০২৫-১৭
ভার্সন-১
অনুমোদিতঃ ০১-০৭-২০১৩ খ্রি.

# ফরম-১

## বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এ চাকুরীর আবেদন ফরম

(প্রার্থীর স্বহস্তে বাংলায় পূরণযোগ্য)

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

কর্মচারী প্রশাসন পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২,
খিলক্ষেত, ঢাকা-১২২৯।

পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি এ ঘরে স্ট্যাপলার দিয়ে লাগাতে হবে (ছবির অপর পৃষ্ঠায় প্রার্থীকে স্বহস্তে নিজের নাম বাংলায় লিখতে হবে)।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং- ..............................................
তারিখঃ ...................................

...................................................
২. আবেদনকৃত পদের নাম
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

৩. পদের ধরণ: চুক্তিভিত্তিক

...................................................
৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

...................................................
৫. প্রকাশনার তারিখ

...................................................
৬. আবেদনকারীর পূর্ণ নাম

...................................................
৭. জন্ম তারিখ (এস.এস.সি/সমমানের পরীক্ষার সনদ অনুযায়ী)

...................................................
৮. পিতার নাম

...................................................
৯. বয়স (*০৯-০৪-২০২৬ খ্রি. তারিখে*)

...................................................
১০. মাতার নাম

...................................................
১১. ধর্ম

...................................................
১২. জাতীয়তা

...................................................
১৩. নিজ জেলা

...................................................
১৪. মোবাইল নম্বর ও ই-মেইল

১৫. বৈবাহিক অবস্থা (টিক দিন) ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. <u>স্থায়ী ঠিকানা:</u>

| ............................ | ....................... | ............................ | ...................... |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

১৭. <u>পত্র যোগাযোগের ঠিকানা:</u>

| ............................ | ....................... | ............................ | ...................... |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

| ........................................ | ............................................. | ...................................... |
|---|---|---|
| ১৮. পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নম্বর | ১৯. পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মূল্য | ২০. ব্যাংকের নাম ও শাখার নাম |

২১. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্ত অনুযায়ী পূরণ করতে হবে):

| পরীক্ষার নাম | বিদ্যালয়/বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নাম | পাশের সাল | যে বিষয়ে সার্টিফিকেট অর্জন করেছেন সে বিষয়ের নাম | প্রাপ্ত বিভাগ/ শ্রেণী/ জিপিএ/ সিজিপিএ |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

২২. নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী অভিজ্ঞতার বিবরণ সময়কাল সহ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে):

২৩. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে):

| নিয়োগকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | চাকুরীর/ পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ | চাকুরীকাল |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

২৪. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত):

| (ক) নাম, ঠিকানা ও টেলিফোন নম্বর | (খ) নাম, ঠিকানা ও টেলিফোন নম্বর |
|---|---|
| | |

আমি শপথ করে বলছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি এবং উহা সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল বা মিথ্যা তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তবে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হব এবং আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকব। আমি মৌখিক পরীক্ষার সময় আমার সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয়তা সনদ ও অভিজ্ঞতা সনদের (প্রযোজ্য ক্ষেত্রে) মূল কপি অবশ্যই প্রদর্শন করব।

.................................. ..................................

তারিখ আবেদনকারীর স্বাক্ষর